

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৫০(আগরতলা ২৯। ১০)

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৩

স্বামী বিবেকানন্দ ক্লাব ও শহর দক্ষিণাঞ্চল ভিত্তিক শারদ সম্মান-২০২৩

**সাংস্কৃতিক কর্মকাণ্ডে ক্লাবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে : মুখ্যমন্ত্রী**

ক্লাব শুধুমাত্র বিনোদনের জন্য নয়। সমাজসেবা, খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে ক্লাবগুলি এখন গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। আগামী সমাজ ব্যবস্থায় ক্লাবের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ সন্ধ্যায় আগরতলার উভয় বাধারঘাটে স্বামী বিবেকানন্দ ক্লাব আয়োজিত শারদ সম্মান-২০২৩ ‘আমার পাড়া সেরা পাড়া’ শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী আজ সন্ধ্যায় অরুণ্ধতীনগর স্কুল ময়দানে শহর দক্ষিণাঞ্চল ভিত্তিক দ্বিতীয় শারদ সম্মান প্রদান অনুষ্ঠানেও উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যের ক্লাবগুলিতে সুস্থ সংস্কৃতির বাতাবরণ তৈরি হয়েছে। সমাজ পরিবর্তনেও এখন ক্লাবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। তিনি বলেন, ক্লাব সংস্কৃতিতে এখন অনেক পরিবর্তন এসেছে। সুস্থ পরিবেশ ও মানসিকতা গড়ে উঠেছে। বর্তমানে ক্লাবগুলি সামাজিক ও সাংস্কৃতিক বিভিন্ন কর্মকাণ্ডে নিজেদের নিয়োজিত করছে। মানুষের সমস্যা নিরসনেও ক্লাবগুলি বিভিন্নভাবে ভূমিকা গ্রহণ করছে। মুখ্যমন্ত্রী বলেন, বিগতদিনে দেখা গেছে ক্লাবগুলির মধ্যে সবসময় একটা আতঙ্কের পরিবেশ বজায় থাকত। ক্লাবে ক্লাবে ছিল তেদাঙ্গে। কিন্তু বর্তমান সরকারের সময়কালে বিভিন্ন ক্লাবের মধ্যে একটা সুসম্পর্ক তৈরি হয়েছে। বর্তমান সরকার জনগণের সমস্যার সমাধানে আন্তরিকতার সাথে কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, স্বামী বিবেকানন্দ ক্লাব কর্তৃক আয়োজিত এ ধরণের অনুষ্ঠানের মধ্য দিয়ে ঐক্য, ভাতৃত্ববোধ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ তৈরি হয়েছে। বর্তমানে মা-বোনেদেরও ক্লাবের সাথে যুক্ত হওয়ার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এরফলে রাজ্যে একটি সুন্দর পরিবেশ তৈরি হচ্ছে। মুখ্যমন্ত্রী রাজ্যের যোগাযোগ ব্যবস্থার প্রভৃতি উন্নতির কথা উল্লেখ করে বলেন, বর্তমানে রাজ্য থেকে ১৮টি এক্সপ্রেস ট্রেন দেশের বিভিন্ন রাজ্যের মধ্যে চলাচল করছে। রাজ্য এখন শান্তি ও সম্প্রীতির পরিবেশ রয়েছে। বহিরাজ্যের বিনিয়োগকারীরা রাজ্যে শিল্প স্থাপনে আগ্রহ প্রকাশ করছেন। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন আগামীদিনে সবার সম্মিলিত প্রচেষ্টায় এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে উঠবে। শারদ সম্মান অনুষ্ঠানে এছাড়াও উপস্থিতি ছিলেন বিধায়ক মীনারামী সরকার, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, কর্পোরেটের সম্পা সরকার চৌধুরী, আগরতলা পুর নিগমের দক্ষিণ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, সমাজসেবী সঞ্জয় সাহা, সমাজসেবী অসীম ভট্টাচার্য প্রমুখ। স্বামী বিবেকানন্দ ক্লাবের শারদ সম্মান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের সভাপতি সরযু চক্রবর্তী। শারদ সম্মান অনুষ্ঠানে শহর দক্ষিণাঞ্চলের ১৭টি ক্লাব ও সামাজিক সংস্থাকে সম্মাননা জ্ঞাপন করা হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ক্লাবগুলিকে স্মারক উপহার দিয়ে সম্মাননা জ্ঞাপন করেন। এবছর শহর দক্ষিণাঞ্চল ভিত্তিক দ্বিতীয় শারদ সম্মান প্রদান অনুষ্ঠানে ১১টি বিভাগে ২৮টি ক্লাবকে পুরস্কৃত করা হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ক্লাবগুলির হাতে পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*